চুয়াডাঙ্গায় ছেলের হাতে মা খুন

চুয়াডাঙ্গা সদর উপজেলার পিরোজখালি গ্রামে মাকে কুপিয়ে হত্যা করেছে মুকুল নামের এক মানসিক ভারসাম্যহীন ছেলে।

শনিবার বিকেল ৫টার দিকে ঘটনাটি ঘটে। ওই ঘটনায় তাকে আটক করেছে পুলিশ। তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি নেয়া হচ্ছে। নিহত জবেদা খাতুন পিরোজখালী গ্রামের আসান আলীর স্ত্রী।

স্থানীয়রা জানান, বিকেলে সংসারের কাজ শেষে ঘরের বারান্দায় বসে ভাত খাচ্ছিলেন জবেদা খাতুন। এসময় তরকারি চাওয়া নিয়ে ছেলে মুকুলকে বকা দেন জবেদা খাতুন। ছেলেকে একটি থাপ্পড়ও দেন তিনি। একপর্যায়ে ক্ষুদ্ধ হয়ে পাশে থাকা ধারালো দা দিয়ে তার মাকে কোপাতে থাকে মানসিক ভারসাম্যহীন মুকুল। ঘটনাস্থলেই নিহত হন জবেদা খাতুন।

নিহত জবেদা খাতুনের বড় ভাই আলা উদ্দিন জানান, মুকুল বাবা মায়ের একমাত্র সন্তান। সে মাদকাসক্ত ছিল। পরে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে সে। তার দুইবার বিয়ে হয়েছিল। মাদকাসক্তের কারণে তার সংসার বেশিদিন স্থায়ী ছিলো না। তিনি আরও জানান, বেশ কিছুদিন আগে মাঠের জমি ও বাড়ি তার নামে লিখে দিতে বলে মুকুল। এ নিয়ে তার বাবা মায়ের সাথে তার প্রায়ই বিরোধ হয়।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি মোহাম্মদ মহসীন বলেন, নিহতের মরদেহ উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হয়েছে। আটক মুকুলের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নেয়া হচ্ছে।

ওয়ার্ডবাসীর আস্থা আর ভালবাসায় আবার নির্বাচিত হতে চাই

হলিধানী ইউপি মেম্বর মতিয়ার

৪নং হলিধানী ইউনিয়নের ৫ ওয়ার্ড এর বর্তমান মেম্বার মোঃ মতিয়ার রহমান বিগত পাঁচ বছরে তার নিজের ওয়ার্ডে যেসব উন্নয়ন করেছে তাতে ঐ ওয়ার্ড এর দুইটি গ্রামের মানুষের আস্থার প্রতীক হয়ে উঠেছে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি আবারও প্রাথী হওয়ায় তাকে নিয়ে এলাকায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হয়েছে।

এলাকায় খোঁজ নিয়ে জানা যায়, সাধারণ মানুষ বলছে ছেলেটি বিগত পাঁচ বছরে আমাদের পাশে ছিল এবং আমাদের বিপদে আপদে সবসময় তাকে কাছে পেয়েছি। গ্রামের সকল কাজ সে নিরলস ভাবে করেছে এবং এখনও সে করে যাচ্ছে। তাই আসন্ন নির্বাচনে আমরা তাকেই নির্বাচিত করতে চাই।

এলাকার সাধারণ মানুষ আরো বলেন, মোঃ মতিয়ার রহমান মেম্বর সৎ ও যোগ্য, তাকে যদি আমরা আবারও নির্বাচিত করি তাহলে আমাদের এলাকায় আরো উন্নয়ন হবে। আমাদের এলাকায় রাস্তাঘাটের যে বেহাল দশা ছিলো তা তিনি সংস্কার করে জনগনের দুরর্দশা লাঘব করেছে । ওয়ার্ডের কোন গরিবের মেয়ে-ছেলের বিয়ে হলে সেখানে সহায়তার হাত বাড়িয়ে এগিয়ে এসেছে। তাই আমরা আবারও তাকে আসন্ন নির্বাচনে জয়লাভ করাতে চাই। তার উন্নয়ন কর্মকান্ডে আমাদের মাঝে বিশ্বাস সৃষ্টি হয়েছে।

৫নং ওয়ার্ডের মেম্বার ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমানের সাথে কথা বলতে গেলে তিনি বলেন, আমি দীর্ঘদিন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত। আমি ৪নং হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক। জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা আমি বাস্তবায়ন করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমি যদি আবারও মেম্বর নির্বাচিত হয় তাহলে আমার গ্রামের উন্নয়ন যেভাবে করে যাচ্ছি ভবিষ্যতেও সেই ধারা অব্যাহত রাখার চেষ্টা করবো।

তিনি আরো বলেন, আমি বিগত দুই বছর ধরে প্যানেল চেয়ারম্যান হিসেবে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব পালন করে আমার ওয়ার্ডসহ ইউনিয়নের প্রতিটি গ্রামের মানুষের মধ্যে আস্থা আর বিশ্বাস স্থাপন করেছি। আমি আশাবাদি আমার ওয়ার্ডের জনগণ আগামী নির্বাচনে আমার এই আস্থা আর বিশ্বাসের প্রতিদান দেবেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

টেনে নিয়ে বেড়িয়েছে। এক পর্যায়ে আমার ছেলে অজ্ঞান হয়ে গেলে তাকে ফেলে রেখে যায়। খবর পেয়ে তাকে আমরা উদ্ধার করি। এখনও তার গলার দাগ শুকায়নি। আবার গত শুক্রবার তারাই আমার ছেলেকে কোপ মেরে রক্তাক্ত জখম করছে।

শাকিল বলেন, আমি রাতে এলাকার একটি দোকান থেকে ওষুধ নিয়ে বাড়ি ফিরছিলাম এসময় মোহন ও একজন মটরসাইকেল করে এসেই হাসুয়া দিয়ে প্রথমে আমার পায়ে কোপ মারে। আবারও কোপ মারার চেষ্টা করলে তখন আমার সাথে মহনের ধস্তাধস্তি শুরু হয়। মোহন যতই কোপ মারার চেষ্টা করে আমি তাকে প্রতিহত করার চেষ্টা করি। এসময় আমার হাতে কয়েক জায়গায় ক্ষত হয়। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমানোর দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ সমাবেশ

সারাদেশে ডিজেল,সয়াবিন তেলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্য বৃদ্ধি ও জনজীবনের সংকট নিরসন, জ্বালানি তেলের দাম কমানো, সাম্প্রদায়িক সন্ত্রাস প্রতিরোধ, ফ্যাসিবাদী সরকারের পদত্যাগ ও গনতন্ত্র প্রতিষ্ঠার দাবীতে কেন্দ্রীয় কর্মসূচীর প্রেক্ষিতে ঝিনাইদহে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কস বাদী) বিক্ষোভ সমাবেশ করে।

বৈরী আবহাওয়াকে উপেক্ষা করে শনিবার দুপুরে উপরোল্লেখিত দাবীর প্রেক্ষিতে ঝিনাইদহ পুরাতন ডিসি কোর্টের সামনে এই সমাবেশ করে। সমাবেশে উপস্থিত ছিল বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কস বাদী)র কেন্দ্রীয় কমিটির সদস্য জেলার সভাপতি কমঃ মোফাজ্জেল হোসেন মঞ্জু, কেন্দ্রীয় কমিটির বিকল্প সদস্য জেলার সাধারন সম্পাদক কমঃ সাহিদুল এনাম পল্লব, বাংলাদেশ নারী মুক্তি পরিষদের আহ্বায়ক কমঃ স্বপ্না সুলতানা, ঝিনাইদহ জেলা কমিটির সদস্য কমঃ আব্দুর রাজ্জাক, কমঃ রাজা, কমঃ নজরুল ইসলাম মাস্টার প্রমুখ।

ঝিনাইদহে ১৫টি ইউনিয়ন থেকে ১১৯ জন নৌকার মাঝি হতে চান

চতুর্থ ধাপে আগামী ২৩ ডিসেম্বর ঝিনাইদহ সদর উপজেলার ১৫টি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে। গত ১০ নভেম্বর তফসিল ঘোষণা করা হয়েছে। এই নির্বাচনে মনোনয়ন পেতে সদর উপজেলার ১৫টি ইউনিয়ন থেকে ১১৯ জন তাদের জীবণ বৃত্তান্ত জমা দিয়েছেন জেলা আওয়ামী লীগের কাছে।

জেলা আওয়ামীলীগ সূত্রে জানা যায়, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ উন্মুক্তভাবে সম্ভাব্য প্রার্থীদের কাছ থেকে জীবণ বৃত্তান্ত আহবান করে। ঝিনাইদহ সার্কিট হাউজে দিনব্যাপী জীবণ বৃত্তান্ত সংগ্রহ করা হয়।

জীবণ বৃত্তান্ত গ্রহণ করার সময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সহ সভাপতি তৈয়ব আলী জোয়ার্দার, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডঃ আককাস উদ্দিন, মাসুদ আহমেদ সঞ্জু, জেলা আওয়ামী লীগের সদস্য গোলাম সরোয়ার খান সউদ,পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, এম এ হাকিম, প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ, উপ দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হোসাইন, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ প্রমুখ।

জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ জানান, সদর উপজেলার ১৫টি ইউনিয়নে আগামী ২৩ ডিসেম্বর ৪র্থ ধাপে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে প্রার্থী বাছাই প্রক্রিয়া স্বচ্ছ করতে উন্মুক্ত জীবণ বৃত্তান্ত গ্রহণ করা হয়। সদর উপজেলার ১৫টি ইউনিয়ন থেকে ১১৯ জন বিকাল সাড়ে ৪টা পর্যন্ত জীবণ বৃত্তান্ত জমা দিয়েছেন। এর মধ্যে গান্না ও পোড়াহাটি ইউনিয়ন থেকে একই পরিবারের ৩ জন করে জীবণ বৃত্তান্ত জমা দিয়েছেন।

মেহেরপুরে বয়স ভিত্তিক ক্রিকেটার বাছাই অনুষ্ঠিত

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি’র) বয়স ভিত্তিক মেহেরপুর জেলা দল গঠনের লক্ষ্যে খেলোয়াড় বাছাই অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল থেকে মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ বাছাই অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের দেশব্যাপী বয়স ভিত্তিক জেলা দল গঠন করা হয়। মেহেরপুরে অনুর্ধ্ব-১৪, অনুর্ধ্ব-১৬ এবং অনুর্ধ্ব-১৮ ক্রিকেট দল বাছাই করা হয়।

বাছাই অনুষ্ঠান পরিচালনা করেন খুলনা বিভাগীয় কোচ মনোয়ার আলী মনু, বিসিবি’র সিনিয়র এক্সিকিউটিভ জাভেদ ইসলাম তাপস, বিসিবি’র মেডিকেল অফিসার দেলোয়ার হোসেন, মেহেরপুর জেলা কোচ হাসানুজ্জামান হিলন। পরবর্তীতে খেলোয়াড়দের মেডিকেলের মাধ্যমে চুড়ান্ত বাছাই করে জেলা দল ঘোষণা করা হবে।

বাংলাদেশ ক্রিকেট বোর্ড প্রতিবছর বয়স ভিত্তিক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে থাকে। এ টুর্নামেন্টে দেশের বিভিন্ন জেলার ক্রিকেট দল গ্রুপ পর্বে অন্য জেলা দলের মুখোমুখি হবে। বয়সভিত্তিক জেলা দলের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করা হয়।

শৈলকুপার গৃহিনীরা কুমড়াবড়ি তৈরিতে ব্যস্ত

শীতকে বরণ করে শৈলকুপার ঘরে ঘরে চলছে কালাই আর চালকুমড়া দিয়ে বড়ি তৈরীর কাজ। বেশীরভাগ গৃহিনীরা নিজেদের খাওয়ার জন্য তৈরী করছে বড়ি

আরার অন্যদিকে কয়েকশত পরিবার কুমড়াবড়ি তৈরি করে জীবিকা নির্বাহ করছে।

দেখাযায়, গ্রামের প্রায় বাড়ির চালে ও মাচাই শোভা পাচ্ছে বড়বড় চাল কুমড়া, যা দিয়ে তৈরি হচ্ছে কুমড়াবড়ি। শীতের ভোরে উপজেলা শহর ও পাড়া-মহল্লার গৃহিনীরা ব্যস্তসময় পার করছে বড়ি তৈরির কাজে। কেউ কাজ করছে ঢেঁকিদিয়ে, কেউবা সাহায্য নিচ্ছেন শিলপাটার। আবার অনেকে বৈদ্যুতিক মেশিনের মাধ্যমে। এক কথায় কুমড়াবড়ি তৈরীর ধুম পড়েছে পাড়ায় পাড়ায়। শীতের সকালে পাড়া-মহল্লার গৃহিনীরা বাড়ির ছাদে একত্রে দল বেঁধে,আবার কেউ কেউ মাটিতে মাদুর বিছিয়ে বড়ি তৈরীর কাজ করছে।

বড়ি তৈরির উপকরণ হিসেবে ব্যবহৃত কালাইয়ের ডালের সঙ্গে চালকুমড়ার পরিবর্তে অনেকে মূলা অথবা পেঁপে ব্যবহার করে থাকেন। শীত এলেই গ্রামাঞ্চলের লোকজন বড়ি তৈরিতে ব্যস্ত হয়ে পড়েন। পাড়ার অনেক পরিবার একত্রিত হয়ে বড়ি বানাই। মূলত শীতের মৌসুমে কুমড়া বড়ির বাজার ধরতে আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ এই তিন মাস কুমড়াবড়ি তৈরি করা হয়। ২-৩ দিন কড়া রোদে শুকিয়ে প্রস্তত করা হয় সুস্বাদু এই বড়ি।

উপজেলার কবিরপুর গ্রামের রোজিনা বেগম বলেন, বড়ি ছাড়া তরকারী রান্না অপূর্ণ থেকে যায়, বড়ি প্রতিটি তরকারিতে বাড়তি স্বাদ এনে দেয়। বড়ি ভেঙে পেঁয়াজ, রসুন ও কাঁচামরিচ দিয়ে ভাঁজি করলে এক চমৎকার খাবার তৈরি হয়। এছাড়া, বড়ি দিয়ে রান্না করা বেগুন, লাউ, ফুলকপি, আলুর তরকারির স্বাদই আলাদা। তাই শীতের আগমনে আমরা বড়ি তৈরীতে ব্যস্ত হয়ে পড়ি।

গাড়াখোলা গ্রামের ওয়াহিদ হাসান জানান,আমি ৩০ বছর যাবত এই কাজের সাথে জড়িত।আমি মেশিনে কুমড়াবড়ি তৈরীকরি।ডাল ও মসলার দাম বেড়ে যাওয়ায় কুমড়াবড়ি তৈরিতে খরচ বেশি পড়ছে ফলে হিমশিম খেতে হচ্ছে।,প্রতিদিন আমার মেশিনে ৩০০ কেজি বড়ি তৈরী হয়। এই বড়ি তেরী করতে আমার খরচ হয় ৩০০০০ হাজার টাকা আর বিক্রি হয় ৩৫০০০ হাজার টাকা। আর প্রতিদিন ৩০ জন মহিলা শ্রমিক সকাল ৮ টা থেকে ১২ টা পর্যন্ত কাজ করে আর এদের প্রত্যেককে ৬০ টাকা করে পারিশ্রমিক দেয়া হয়। সাধারণত পাইকারী ১৬০ টাকা দরে প্রতি কেজি বিক্রি হয়।

গাড়া খোলা চরের বড়ি শ্রমিক ববিতা বেগম বলেন আমরা মেশিনে বড়ি তৈরীর কাজ করি।,প্রতিদিন সকাল ৮ টা থেকে ১১টা পর্যন্ত কাজ করা

বাবদ ৬০-৭০ টাকা করে মালিকের কাছ থেকে পাই। হাটবাজারে প্রতি কেজি কুমড়াবড়ি ১৩০-১৫০টাকা কেজি দরে বিক্রি করে থাকে। আবার অনেকে বাড়ি বাড়ি গিয়ে কিনে নিয়ে স্থানীয় বাজারে বিক্রি করেন।

এভাবেই ব্যন্ত সময় পার করছে শৈলকুপার গৃহিনীরা ও বড়ি মহিলা শ্রমিকরা আর,সরকারী সাহায্য পেলে আরো অনেক দূর এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব এই খাতকে বলে মনে করেন এর সাথে সংশ্লিষ্টরা।

মুজিবনগরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে ভারতীয় ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী রকিব (৩৫) কে আটক করেছে র্যাব-৬।

শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে র্যাব-৬, সিপিসি-২ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব।

গ্রেফতারকৃত আসামী দারিয়াপুর গ্রামের মো: আব্দুর বিশ্বাসের ছেলে। জেলার মুজিবনগর থানাধীন মোনাখালী বাজার এলাকায় মাদক ক্রয় বিক্রয় করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মোনাখালী বাজারে রাহাত গার্মেন্টস এন্ড সুষ্টোর এর দোকানের সামনে র্যাব অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এসময় র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করে। পরে ঘটনাস্থল থেকে কৌশলে তাকে গ্রেফতার করা হয়।

র্যাব-৬, সিপিসি-২ (ঝিনাইদহ ক্যাম্প)’র কমান্ডার জানান,গোপন সংবাদের ভিত্তিতে আসামীকে গ্রেফতার করা হয়েছে।গ্রেফতারকৃত আসামীর হেফাজত হতে ৭০ বোতল ফেন্সিডিল, ০১টি মোবাইল এবং ০২টি সিম কার্ড উদ্ধার পূর্বক জব্দ করে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন মামলা রুজু করে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

[redacted]

[redacted]